

স্মারক নং-৩১.০২.০০০০.০১১.০৬.০০১.২২.৭৯৮

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯

২২ নভেম্বর ২০২২

অফিস আদেশ

ভূমি সংস্কার বোর্ডের বিভাগীয় নির্বাচন কমিটির গত ১৭-১১-২০২২ খ্রি: তারিখের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত প্রার্থীদেরকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে ও বেতনক্রমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ভূমি সংস্কার বোর্ডে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নং	নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল
১.	মোঃ মুকুল-হোসেন পিতাঃ মমতাজ-উদ্দীন-আহমেদ, মাতাঃ সাহানা-বেগম গ্রামঃ বড়পলাশ বাড়ী (কদমতলা), ডাকঘর: সমির নগর, উপজেলা: বালিয়াডাঙ্গী, জেলা: ঠাকুরগাঁও।	সীটমুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর	গ্রেড-১৪ টাকা-১০২০০- ২৪৬৮০/-
২.	উজ্জল কুমার পাল, পিতাঃ দিপক কুমার পাল, মাতাঃ রানী রানী পাল, গ্রামঃ ২৯৭ নং পালবাড়ি ডাকঘর: সুজানগর, উপজেলা: সুজানগর, জেলা: পাবনা।	সীটমুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর	গ্রেড-১৪ টাকা-১০২০০- ২৪৬৮০/-

শর্তাবলিঃ

- চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা বরাবর যোগদান পত্র দাখিল করতে হবে;
- চাকরিতে যোগদানের সময় অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, বয়স সংক্রান্ত প্রমাণপত্র (জন্ম সনদ পত্র), সদ্য তোলা ২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্থায়ী জেলা বাসিন্দা/নাগরিক সনদের মূল কপি এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে;
- সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সম্পর্কিত সনদ দাখিল করতে হবে;
- কাজে যোগদানের পর “পুলিশ ভেরিফিকেশন” এর মাধ্যমে তাঁর প্রাক পরিচিতি সম্পর্কে কোন বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে কর্তৃপক্ষ তাঁকে যে কোন সময় চাকরিচ্যুত করতে পারবে;
- নিয়োগ প্রাপ্তির প্রথম ২ (দুই) বছর শিক্ষানবিশ কাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকালে তাঁর চাকরি কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হলে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। শিক্ষানবিশকালে তাঁর কাজ বা আচরণ কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক নয় মর্মে বিবেচিত হলে অথবা ভবিষ্যতে তিনি তাঁর দক্ষতা বৃদ্ধি করতে পারবেন না মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হলে শিক্ষানবিশ কাল অতিক্রান্ত হওয়ার পূর্বে যে কোন সময় কর্তৃপক্ষ তাঁকে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরিচ্যুত করতে পারবে;
- শিক্ষানবিশকালে তাঁর বিরুদ্ধে কোন গুরুতর অভিযোগ আনীত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তাঁকে চাকরিচ্যুত করতে পারবে;
- তাকে ভূমি সংস্কার বোর্ড, ঢাকায় অথবা যে কোন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ে পদায়ন করা হবে।
- সরকারি বিধি-বিধান অনুযায়ী নিয়োগকৃত কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- এ আদেশে সুনির্দিষ্ট ভাবে বর্ণিত হয়নি, এ রূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারি চাকরি আইন, ২০১৮, ভূমি সংস্কার বোর্ড নিয়োগ বিধিমালা ২০১৮, সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক প্রদত্ত ভবিষ্যৎ বিধি-বিধান ও আদেশ অনুসারে তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;
- বর্ণিত শর্তে সম্মত হলে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণকে আগামী ০৭ ডিসেম্বর ২০২২ খ্রি: তারিখ বুধবার পূর্বাঞ্চে যোগদান করতে হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- যোগদানের সময় সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এর ১৩ (১) বিধি অনুযায়ী স্বাবর ও অস্থাবর সম্পদের হিসাব বিবরণী দাখিল করতে হবে।

জনস্বার্থে জারিকৃত এ নিয়োগাদেশ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

২২/১১/২০২২

সোলেমান খান)

চেয়ারম্যান

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

ফোন-০২-৮১৭০১৪৩

ই-মেইল- chairman@lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১১.০৬.০০১.২২.৭৯৮

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯
২২ নভেম্বর ২০২২

অনুলিপি (সদয় অবগতি/কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য) :

- (১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৩) সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- (৪) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (৫) মহা হিসাব নিয়ন্ত্রক, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- (৬) উপ-ভূমি সংস্কার কমিশনার -১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (৭) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ
- (৮) চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- (৯) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
- (১০) হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (১১) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- (১২) জনাব

urhlm ২২.১১.২২

(মুহাম্মদ রফিকুল ইসলাম)

সহকারী ভূমি সংস্কার কমিশনার

(সিনিয়র সহকারী সচিব)

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

ফোন-০২-৮১৭০১৫২

ই-মেইল-alrc1@lrb.gov.bd